আজ সন্ধ্যায় ১৪ দলীয় নেতাদের সঙ্গে বসছেন প্রধানমন্ত্রী

পরিক্রমা ডেস্ক: দীর্ঘ ১৬ মাস পর ১৪ দলের শীর্ষ নেতাদের সঙ্গে বসছেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। আজ বুধবার সন্ধ্যা ৭টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এই বৈঠক অনুষ্ঠিত হবে।

এর আগে গতকাল মঙ্গলবার আওয়ামী লীগের দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

এতে বলা হয়, বুধবার সন্ধ্যা ৭টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে বৈঠকের জন্য শরিক দলগুলোকে আমন্ত্রণ জানানো হয়েছে। সভায় সভাপতিত্ব করবেন কেন্দ্রীয় ১৪ দলের জোট নেত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা।

সভায় আমন্ত্রিত নেতাদের যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য কেন্দ্রীয় ১৪ দলের সমন্বয়ক ও মুখপাত্র আমির হোসেন আমু অনুরোধ জানিয়েছেন।

জোটের প্রতিটি শরিক দলের দুজন করে (সভাপতি ও সাধারণ সম্পাদক অথবা আহ্বায়ক ও যুগ্ম আহ্বায়ক) শীর্ষ নেতাকে বৈঠকে আমন্ত্রণ জানানো হয়েছে। তবে শেখ হাসিনা ছাড়াও আওয়ামী লীগের নীতিনির্ধারক কয়েকজন নেতা এই বৈঠকে থাকবেন। বৈঠকে আমন্ত্রিত সব নেতার করোনা পরীক্ষা রিপোর্ট বৈঠকের আগেই জমা দিতে বলা হয়েছে।

জোট সূত্র জানায়, বৈঠকে আগামী জাতীয় নির্বাচন নিয়ে আলোচনা হবে। বিএনপি ও তার মিত্রদের সরকার পতনের এক দফা আন্দোলন মোকাবিলায় করণীয় ঠিক করা হবে। সেইসঙ্গে দেশে বিদ্যমান পরিস্থিতি ও জনজীবনের সংকট মোকাবিলায় জোটের কার্যক্রম শক্তিশালী করার বিষয় নিয়েও শরিক নেতাদের সঙ্গে কথা বলবেন শেখ হাসিনা।

গত বছরের ১৫ মার্চ শরিকদের নিয়ে সর্বশেষ বৈঠক কছিলেন রেজোটের শীর্ষ নেতা শেখ হাসিনা। সেই বৈঠকও হয়েছিল ২০১৮ সালের নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ টানা তৃতীয় দফায় ক্ষমতায় আসার প্রায় তিন বছর পর।

বিএনপি-জামায়াত জোটবিরোধী আন্দোলন শেষে ২০০৮, ২০১৪ ও ২০১৮